

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
 প্রবাসী কল্যাণ ভবন
 ৭১-৭২, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইক্সটন গার্ডেন, ঢাকা-১০০০।
 মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুষ্ঠান
www.probashi.gov.bd

বিষয় : ২০১৬-২০১৭ অর্থ বছরে ভিজিলেন্স টাক্ষফোর্স (VTF) এর ৬ষ্ঠ তম অভিযান পরিচালনার কার্যবিবরণী।

তারিখ : ০৯ নভেম্বর, ২০১৬ খ্রি।

সময় : সকাল ১০:০০ টা হতে দুপুর ১:৩০ ঘটিকা পর্যন্ত।

স্থান : হ্যারত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর।

ভিজিলেন্স টাক্ষফোর্স অভিযানে উপস্থিত সদস্যগণের তালিকা:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়) |
|---------|--|
| ৫. | জনাব মোঃ শাহনেওয়াজ চৌধুরী, যুগ্ম-সচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট) ও সভাপতি, ভিজিলেন্স টাক্ষফোর্স (VTF), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ৬. | জনাব মোঃ আখতারজামান, উপসচিব (এনফোর্সমেন্ট) ও সদস্য সচিব, ভিজিলেন্স টাক্ষফোর্স (VTF), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ৭. | বেগম রূমানা রহমান শম্পা, সিনিয়র সহকারী সচিব ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ৮. | জনাব শেখ মুস্তাফিজুর রহমান, সহকারী পরিচালক, বিএমইটি, প্রবাসী কল্যাণ ভেক্ষ |

গত ০৯-১১-২০১৬ তারিখ সকাল ১০:০০ ঘটিকা রোজ বুধবার প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের যুগ্মসচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট) ও ভিজিলেন্স টাক্ষফোর্স এর সভাপতি জনাব মোঃ শাহনেওয়াজ চৌধুরীর নেতৃত্বে সৌদিগামী কর্মীদের সাক্ষাত্কার গ্রহণকালে সৌদি আরব গমনে প্রদত্ত খরচের পরিমান জানার লক্ষ্যে হ্যারত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অভিযান পরিচালনা করা হয়।

এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট অভিযান পরিচালনাকালে ০৫ (পাঁচ) জন সৌদি আরব গমনকারী কর্মীদের অভিবাসন খাতে খরচের পরিমান সম্পর্কে জিজ্ঞাসাবাদ ও তথ্য উপাত্ত সংগ্রহ করা হয়। যা নিম্নে প্রদত্ত হ'লঃ

(ক) সৌদিগামী কর্মী জনাব মোঃ জাকির হোসাইন (বয়স-২৪), পিতা: মোঃ সেলামত উল্লাহ, গ্রাম: ডুমুরিয়া, সোনাইয়ুড়ি, নেয়াখালীর বাসিন্দা। তিনি এসএসসি পরীক্ষা দেননি, তার পিতা একজন কৃষক। মামা জনাব রেদোয়ান সৌদি আরবে প্রায় ২০ বছর ধরে থাকেন। সেখানে তিনি দর্জির কাজ করেন। গত রমজান মাসে এ কর্মীর মা তার মামাকে সৌদি আরবের ভিসা পাঠানোর জন্য বলেছিলেন। ভিসা এসেছে প্রায় ২ মাস। তিনি হাউজ শ্রমিক কাজের জন্য যাচ্ছেন। তার মামা তাকে বলেছেন ভিসার জন্য ৩ লক্ষ টাকা দিতে হবে এবং বাংলাদেশের যাবতীয় খরচ তার দিতে হবে। ভিসা আসার পর ধার করে ১ লক্ষ টাকা প্রথমে তার মামাকে পাঠিয়েছেন। পরবর্তীতে নিজের ব্যবহ্যাপনায় কিছু টাকা এবং জমি বন্ধক দিয়ে আরও ২ লক্ষ টাকা পাঠিয়েছেন। তিনি ঢাকার নিউমার্কেট এলাকায় প্রায় ৪ বছর ধরে দোকানের কাজ করতেন। এজেপ্সির নাম মেসার্স রাকিব এয়ার ইন্টারন্যাশনাল (আরএল-০৮৬৫)। ভিসা ইস্যুর মেয়াদ ০৫/১০/২০১৬ তারিখ হতে ৯০ দিন পর্যন্ত। ওয়ার্ক ভিসা প্রসেসিং এর জন্য উক্ত এজেপ্সির লোক জনাব খোরশেদ আলম (মোবাইল নম্বর: ০১৭১৩-০০৫৭৬৬) এর সাথে ফোনে আলাপ করে নগদ ৬০,০০০/- টাকা দিয়েছেন। গত ০৯/১১/২০১৬ তারিখ হতে ১০ দিন আগে আরও ৮০,০০০/- টাকা জনাব খোরশেদ আলমকে প্রদান করেন। তার মামা সর্বমোট ১,৪০,০০০/- টাকা বেশি না দেয়ার জন্য অনুরোধ করেছিলেন। গাড়ী ভাড়াসহ আরও ১৫-২০ হাজার টাকা খরচ হয়েছে। উপরোক্তিত উপাত্ত অনুযায়ী তার অভিবাসন ব্যয় সর্বমোট ৪,৬০,০০০/- (চার লক্ষ ষাট হাজার) টাকা খরচ হয়েছে।

(খ) সৌদিগামী কর্মী জনাব সোহাগ মিয়া (বয়স-২৬), পাসপোর্ট নম্বর: এডি-৬২৫৭২১০, রিজ্টিং এজেপ্সি মেসার্স শাহীন ম্যানপাওয়ার প্রমোশন (আরএল-৭১৯) এর মাধ্যমে হোটেল বয় হিসেবে কাজ করবেন। তার চাচা শুশুর মাজহারুল সৌদি আরবে যাওয়ার ব্যবস্থা করেন। ফিঙ্গারপ্রিন্টের জন্য ২৫০ টাকা দিয়েছেন। পুলিশ ক্লিয়ারেন্স এর জন্য ৫০০/- টাকা ব্যাংক ড্রাফট এবং ক্লিয়ারেন্স আনতে দিয়ে থানায় ১,২০০/- (এক হাজার দুইশত) টাকা

দিয়েছেন। গামকায় মেডিকেল টেস্ট এর জন্য ৫,৩০০/- (পাঁচ হাজার তিনশত) টাকা দিয়েছেন। রিক্রুটিং এজেন্সিকে প্রথমে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ভিসার আগে দেন, ২য় দফায় নগদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা মাজহারুল এর কাছে পাঠান। টিকেট কাটার সময় তার মাধ্যমে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা দেন। আরও ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা গতকাল রিক্রুটিং এজেন্সির অফিসে জমা দেয়ার পর প্লেনের টিকেট দেন। তিনি বিবাহিত হওয়ার শ্বশুরবাড়ী, আত্মায়স্বজন, বাবাসহ সবাই মিলে উক্ত কর্মীর টাকার ব্যবস্থা করেছে। কর্মী ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ধার করেন এবং বাকীটা আত্মায়স্বজন দিয়েছে। সৌদিতে ১২০০ রিয়াল বেতন হবে। থাকা ও খাওয়া ফ্রি। রিক্রুটিং এজেন্সিসহ এই কর্মী ৬,৬০,০০০/- (ছয় লক্ষ ষাট হাজার) টাকা রশিদ ব্যতীত প্রদান করেছেন।

- (গ) সৌদিগামী কর্মী জনাব ইমরুল কায়েস জাহিদ (বয়স-২৬), পাসপোর্ট নম্বর: বিবি-০৯৮৩০৩৭, পিতার নাম: হাফেজ নেসার উদ্দিন, পাঁচগাছিয়া, ফেনী সদর, ফেনী বাসিন্দা। তিনি সৌদিতে হোটেল বয় হিসেবে যাচ্ছেন। তার পিতার বন্ধু মেসার্স শাহীন ম্যানপ্যাওয়ার প্রমোশন (আরএল-৭১৯) এর জনাব কামাল উদ্দিন চৌধুরীর সাথে যোগাযোগ করলে ৬,৫০,০০০/- (ছয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকার বিনিময়ে সৌদি আরবে যাওয়ার ব্যবস্থা করে দিবেন মর্মে তার বাবা রাজী হন। মেডিকেল করার জন্য ৫,৩০০/- (পাঁচ হাজার তিনশত) এবং দালালকে ৩০০/- টাকা দেন এবং পুলিশ ক্লিয়ারেন্স এর জন্য ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা দেন। ভিসা পাওয়ার আগে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, মেডিকেল করার পর নগদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা এবং ভিসা হওয়ার পর ৩,০০,০০০/- (তিনি লক্ষ) টাকা হাদিয়া স্বরূপ বাবা তার বন্ধুর কাছ থেকে যে টাকা পান স্থান থেকে রিক্রুটিং এজেন্সিকে টাকা দিয়েছেন। ফিল্ডারপ্রিন্টের জন্য ব্যাংক ড্রাফট এর জন্য ২০০/- টাকা দেন। একজন আনসারের পোশাক পরা লোক চেয়ারের বসানো বাবদ ৩০০/- টাকা হাতিয়ে নেন। ট্রেনিং এর জন্য ১২০/- টাকা দিয়েছেন। ফ্লাইট হওয়ার আগের দিন রিক্রুটিং এজেন্সিকে ৬০,০০০/- (ষাট হাজার) টাকা দেন। এছাড়া বাবার কাছ থেকে নিয়ে উক্ত যাত্রী আরও ৩০,০০০/- (ত্রিশ হাজার) দিয়েছেন।
- (ঘ) সৌদিগামী মহিলা গৃহকর্মী জনাব হোসনা আখতার, পাসপোর্ট নম্বর: বিবি-০৫৩১৪৩১, ওয়ার্ড নং-০৫, সরাইল, মানিকগঞ্জ এর বাসিন্দা জানান, মেসার্স প্যাট্রিওয়েট ইন্টারন্যাশনাল (আরএল-৪৩৩) এর মাধ্যমে সৌদি আরবে কাজের উদ্দেশ্যে যাচ্ছেন। মহিলা গৃহকর্মীদের প্রেরণে মেডিকেল করার জন্য নিয়োগকর্তা কর্তৃক টাকা দেয়া হয়। কিন্তু উক্ত মহিলা কর্মীর নিকট হতে মেডিকেল বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা নিয়েছেন। উক্ত মহিলা কর্মী সৌদি আরবে গৃহকর্মী হিসেবে নিয়োগ প্রাপ্তি উপলক্ষ্যে যাওয়া-আসা, মেডিকেলসহ সব মিলিয়ে ২০,০০০/- (বিশ হাজার) ব্যয় বহন করেছেন।
- (ঙ) সৌদিগামী কর্মী জনাব সিফাত রহমান (বয়স- ২৫), পিতা: আঃ মান্নান, পাইকপাড়া, সদর উপজেলা, ব্রাঞ্ছনবাড়িয়া সৌদি আরবের দাম্মাম যাওয়ার লক্ষ্যে ফ্রি ভিসার জন্য ৭,৫০,০০০/- (সাত লক্ষ পঞ্চাশ হাজার) টাকা খরচ করেছেন।

সুপারিশ:

- (ক) সৌদি আরবে বাংলাদেশের কর্মীদের শ্রমবাজার ধরে রাখা এবং ভিসা ট্রেডিং বন্ধ করার স্বার্থে অভিযান পরিচালনাকালীন সংগ্রহীত রিক্রুটিং এজেন্সিসমূহের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (খ) মধ্যস্বত্ত্বভোগী ও দালাল চক্রের কারণে সৌদি আরব গমনে মাত্রাত্তিরিক্ত অভিবাসন ব্যয় বৃদ্ধি নিরোধকক্ষে বায়ার সদস্যগণের সঙ্গে মতবিনিময় সভার আয়োজন করায় যায়।

স্বাক্ষরিত/-

১৫/১১/২০১৬খ্রিঃ

(মোঃ শাহনেওয়াজ চৌধুরী)
যুগ্ম-সচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট)

ও

সভাপতি, ভিজিলেন্স টাক্সফোর্স (VTF)

ফোনঃ ৮৩৩০৪২০।

তারিখ: ১৫-১১-২০১৬ খ্রি:

নং-৪৯.০০.০০০০.০৫৫.৩১.০০২.১৬-২৪২

বিতরণ ৪ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- ০১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দ্র: আ: জনাব এম কে হাসান মাহমুদ; সহকারী সচিব (সীমান্ত-৩)]।
- ০২। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা [দ্র: আ: জনাব মোঃ মোশারফ হোসেন, পরিচালক (কনসুলার ও কল্যাণ)]।
- ০৩। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা [দ্র: আ: বেগম ইসরাত চৌধুরী, উপসচিব (সিএ অধিশাখা)]।
- ০৪। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দ্র: আ: বেগম কোহিনূর নাহার, সহকারী সচিব)]।
- ০৫। সচিব, ধর্ম মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দ্র: আ: জনাব মোঃ শাহজাহান আলী; উপসচিব (বাজেট)]।
- ০৬। মহাপরিচালক, বিজিবি, পিলখানা, ঢাকা [দ্র: আ: জনাব মুজিবুল হক সিকদার, পরিচালক (অপারেশন পশ্চিম)]।
- ০৭। মহাপরিচালক, আনসার ও ভিডিপি, খিলগাঁও, ঢাকা [দ্র: আ: মোঃ সামছুল আলম, পরিচালক (প্রশাসন)]।
- ০৮। মহাপরিচালক, বাংলাদেশ কোষ্টগার্ড, আগাঁরগাঁও, ঢাকা [দ্র: আ: লেং কমান্ডার শফিক উদ্দিন, জজ এডভোকেট জেনারেল]।
- ০৯। মহাপরিচালক, জাতীয় গোয়েন্দা সংস্থা (এনএসআই), সেগুনবাগিচা, ঢাকা [দ্র: আ: বেগম শাহীনূর আক্তার, উপ-পরিচালক)।
- ১০। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দ্র: আ: ডা: মোঃ আমিনুল হক, উপ-পরিচালক)।
- ১১। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ বুরো, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইক্সটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ [দ্র: আ: জনাব এ.কে.এম. টিপু সুলতান, পরিচালক (বর্হিগমন)]।
- ১২। মহাপরিচালক, র্যাব ফোর্স, সদর দপ্তর, ঢাকা।
- ১৩। অতিরিক্ত আইজিপি, স্পেশাল ব্রাথও, মালিবাগ, ঢাকা [দ্র: আ: বেগম ফারজানা ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার, ইমিট্রেশন]।
- ১৪। জনাব শাকিল মনসুর, ন্যাশনাল প্রেস্টার অফিসার, আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (আইওএম),
- ১৫। সিনিয়র সহকারী সচিব ও নিবাহী ম্যাজিস্ট্রেট, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১৬। জনাব মোঃ নাদিম রহমান, প্রিভেনশন ও কমিউনিকেশন ম্যানেজার, উইন-রক ইন্টারন্যাশনার, হাউজ নং-০৭ (৩য় তলা), রোড নং-২৩/বি, গুলশান-১, ঢাকা। হাউজ # ১৩এ, রোড # ১৩৬, গুলশান-১, ঢাকা।
- ১৭। সভাপতি, বায়রা, ১৩০, নিউ ইক্সটন, ঢাকা [দ্র: আ: জনাব মিজানুর রহমান ভূইয়া, মুগ্ধ মহাসচিব]।
- ১৮। সভাপতি, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (ATAB), সাত তারা সেন্টার (১৫তম তলা), ৩০/এ, নয়াপল্টন, ঢাকা [দ্র: আ: জনাব আবদুস সালাম আরেফ, মুগ্ধ মহাসচিব ও জনাব আসলাম খান, মহাসচিব]।
- ১৯। সভাপতি, ট্যুর অপারেটর এসোসিয়েশন অব বাংলাদেশ (TOAB), ৫/২(১ম তলা), সংসদ এভিনিউ, মনিপুরীপাড়া, ঢাকা-১২১৫।
- ২০। সভাপতি, হজ্জ এজেন্সি এসোসিয়েশন অব বাংলাদেশ (HAAB), সাতার সেন্টার (১৬ তম তলা, হোটেল ভিক্টোরী লিঃ), ৩০/এ, নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা-১০০০।
- ২১। জনাব শেখ মোস্তাফিজুর রহমান, সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেক্ষ, হ্যারত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা।

অনুলিপি: কার্যার্থে ও জ্ঞাতার্থে

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব, বায়রা, ১৩০, নিউ ইক্সটন, ঢাকা।

- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
 - ৫। যুগ্মসচিব (মিশন ও কল্যাণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
 - ৬। যুগ্মসচিব (কর্মসংস্থান) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
 - ৭। যুগ্মসচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
 - ৮। সহকারী প্রেস্থামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
 - ৯। অফিস কপি।

১৫/১১/৮৩
(মোসাটি রাবেয়া বসরী)

সিনিয়র সহকারী সচিব (মনিটরিং)

ফোন নম্বর: ৮৩১ ৩৯১৯ |

ই-মেইল: rebaafroz@gmail.com

1. (प्राचीन विद्यालय) अवधीन ग्रामीण सभा ने राज्य विधान परिषद् को एक विशेष बैठक आयोजित की। इसमें विधायिका ने अपनी विभिन्न विषयों पर विवाद किया।